

# শুগান্থ

প্রিন্ট: ১০ জুলাই ২০২৫, ০৯:২০ এএম


শিক্ষাজ্ঞন

## চবিতে অনুষ্ঠিত হতে যাচ্ছে আইন অলিম্পিয়াডের ৫ম আসর



চবি প্রতিনিধি

প্রকাশ: ০৮ জুলাই ২০২৫, ১০:৪৭ পিএম



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) আইন অনুষদের শিক্ষার্থীদের সংগঠন ‘সোসাইটি ফর ক্রিটিক্যাল লিগ্যাল স্টাডিজের’ (এসসিএলএস) আয়োজনে অনুষ্ঠিত হতে যাচ্ছে আইন অলিম্পিয়াড ২০২৫-এর পঞ্চম আসর; যা আগামী ১১ ও ১২ জুলাই চবি ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে।

এবারের প্রতিযোগিতার মূল প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে ‘পরিবেশ আইন ও জলবায়ু ন্যায়বিচার’।

মঙ্গলবার দুপুর আড়াইটায় চবি সাংবাদিক সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান এসসিএলএস চেয়ারপারসন তাফহিম উল ইসলাম। দৈনিক যুগান্তর এ অনুষ্ঠানের মিডিয়া পার্টনার হিসেবে থাকছে।

আয়োজকদের মতে, জলবায়ু পরিবর্তন ও পরিবেশগত সংকটের প্রেক্ষাপটে আইনের প্রাসঙ্গিকতা এবং ভূমিকা নতুন প্রজন্মের আইনি বিশ্লেষণে তুলে ধরতেই এবারের প্রতিযোগিতা এই থিমকে ঘিরে সাজানো হয়েছে।

এবারের আইন অলিম্পিয়াডে দেশের ৩০টি বিশ্ববিদ্যালয় থেকে বাছাই করা ৪০টি দল অংশ নিচ্ছে। প্রতিযোগিতাটি পাঁচটি রাউন্ডে অনুষ্ঠিত হবে, প্রতিটি রাউন্ডে থাকবে ভিন্ন আঙ্গিকে আইনি বিশ্লেষণ, যুক্তি ও বিতর্কভিত্তিক কার্যক্রম। এবারের রাউন্ডগুলোর নাম হচ্ছে- পিটোরিয়াল প্লি, রেবেলিয়াস স্পিরিট, ক্রিটিক্যাল আই, রিফর্ম এসেম্বলি এবং সিম্পেজিয়াম। এই রাউন্ডগুলোতে অংশগ্রহণকারীরা মোট আটটি গুরুত্বপূর্ণ এজেন্ডা নিয়ে যুক্তিনির্ভর বিশ্লেষণ উপস্থাপন করবেন।

আয়োজনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান। বিশেষ অতিথি হিসেবে থাকবেন ঢাকা মহানগর দায়রা জজ মোহাম্মদ জাকির হোসেন, চট্টগ্রাম জেলা ও দায়রা জজ মোহাম্মদ নুরুল ইসলাম, চবি উপ-উপাচার্য (অ্যাকাডেমিক) অধ্যাপক ড. শামিম উদ্দিন খান এবং উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. কামাল উদ্দিন এবং আইন অনুষদের ডিন অধ্যাপক ড. জাফর উল্লাহ তালুকদার। এছাড়াও সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সুপ্রিম কোর্টের সিনিয়র অ্যাডভোকেট মো. আহসানুল করিম।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি সৈয়দ মোহাম্মদ তাজরুল হোসেন। বিশেষ অতিথি হিসেবে থাকবেন চবি উপ-উপাচার্য (অ্যাকাডেমিক), উপ-উপাচার্য (প্রশাসন), আইন অনুষদের ডিন।

সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সুপ্রিম কোর্টের সিনিয়র অ্যাডভোকেট ব্যারিস্টার মোহাম্মদ বেলায়েত হোসেন।

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন- সংগঠনটির জেনারেল সেক্রেটারি নূর হোসেন বৈশাখ, নির্বাহী সদস্য সৌরভ চৌধুরী ও নির্বাহী সদস্য ইস্মিতা আজিম।